


স্মারক নং-০৫.৫৫.৩২৮২.০০১.০০.০১২৮.২৩-৩৬৭

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪৩০
১৮ জুলাই ২০২৩

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় দৈনিক উপস্থিতির ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে গাইবান্ধা জেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
১	সংগীত শিক্ষক (ভাতগ্রাম) (দৈনিক উপস্থিতির ভিত্তিতে ৫০০/- হারে সপ্তাহে ১ দিন)	০১ (দুই জন)	প্রার্থীকে এসএসসি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমী/সংগীত বিষয়ক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে সনদ প্রাপ্ত হতে হবে। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। (অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।
২	আবৃত্তি শিক্ষক (ধাপেরহাট) (দৈনিক উপস্থিতির ভিত্তিতে ৫০০/- হারে সপ্তাহে ১ দিন)		

০১. প্রার্থীকে আগামী ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা, বরাবর লিখিত আবেদনপত্র জমা দিতে হবে। উক্ত সময়ের পরে আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
০২. নীতিমালায় উল্লিখিত উপজেলা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীর মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ০৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করা হবে।
০৩. সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলার যোগ্য প্রার্থী পাওয়া না যায়, তাহলে পার্শ্ববর্তী উপজেলা হতে যোগ্য প্রার্থীকে নিয়োগ প্রদান করা হবে।
০৪. সরকারি নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
০৫. আগামী ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থী ৩২ বৎসর এবং সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
০৬. আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
০৭. আবেদনপত্রের খামের উপর পদের নাম ও কোটার নাম উল্লেখ করতে হবে।
০৮. আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামাঙ্কিত সীলসহ) সত্যায়িত করতে হবে।
০৯. নির্ধারিত তারিখের পর/অসম্পূর্ণ / ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ, ডিএ প্রদান করা হবে না।
১১. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


১৬/০৭/২৩
মোঃ রাফিকুল ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি

সংগীত শিক্ষক যাচাই-সাহায্য কমিটি
সাদুল্লাপুর গাইবান্ধা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে-

- ১। প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা
- ৫। অফিস নথি